ইত্তেফাক





# কাজে যোগদানের জন্য প্রাথমিক শিক্ষকদের প্রতি প্রধানমন্ত্রীর পুনরায় আবেদন

(ইত্তেফাক রিপোর্ট)

বাসস পরিবেশিত খবরে বলা হয়, গতকাল (শনিবার) সকালে প্রাথমিক শিক্ষকদের একটি প্রতিনিধিদল প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমানের সহিত সাক্ষাৎ করিলে ৮০ লক্ষ প্রাথমিক ছাত্রের স্বার্থে তিনি প্রাথমিক শিক্ষকদিগকে আগামী ১৮ই ফেব্রুয়ারীর মধ্যে কাজে যোগদানের জন্য পুনরায় আবেদন জানান। তিনি বলেন, সরকার নূতন আইন অনুমোদনের মাধ্যমে তাহাদের প্রধান প্রধান দাবীসমূহ মানিয়া লইয়াছেন। অপরদিকে, প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি জনাব আবুল কালাম আযাদ জানাইয়াছেন যে, তিনি বা তাহার সমিতির কেহ প্রধানমন্ত্রীর সহিত সাক্ষাৎ করেন নাই। এগার সদস্যবিশিষ্ট কমিটির পূর্ণাঙ্গ রিপোর্ট বাস্তবায়িত না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত থাকিবে বলিয়া তিনি উল্লেখ করেন। তিনি বলেন, মহাবিক্ষোভের কর্মসূচীর কোন পরিবর্তন হইবে না।

বাসস-এর খবরে বলা হয়, প্রধানমন্ত্রীর সহিত প্রাথমিক শিক্ষকদের বৈঠকে এসময় তথ্যমন্ত্রী জনাব শামসুল হুদা চৌধুরী, চীফ হুইপ এবং ঢাকা পৌর কর্পোরেশনের মেয়র জনাব আবুল হাসনাত, শিক্ষা প্রতিমন্ত্রী জনাব আবদুল বাতেন, উপ-স্বরাষ্ট্রমন্ত্রী জনাব আবদুস সালাম এবং শিক্ষা মন্ত্রণালয়ের পদস্থ কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

শাহ আজিজ বলেন, প্রস্তাবিত আইনে প্রতিটি মহকুমায় স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ নিয়োগের ব্যবস্থা করা হইয়াছে। থানার গ্রাম প্রধানদের নির্বাচিত একজন গ্রাম প্রধান, মহকুমার প্রতিটি উন্নয়ন পরিষদের চেয়ারম্যান এবং প্রতি থানার একটি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষকের সমন্বয়ে স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষ গঠন করা হইবে। পদাধিকার বলে মহকুমা প্রশাসক এবং মহকুমা শিক্ষা অফিসার যথাক্রমে স্থানীয় শিক্ষা কর্তৃপক্ষের চেয়ারম্যান ও সদস্য-সচিব হইবেন। ইহাতে সরকার মনোনীত একজন থানা শিক্ষা অফিসারও থাকিবেন। কর্তৃপক্ষের অধিকাংশ সদস্যের ভোটে ইহার ভাইস-চেয়ারম্যান নির্বাচিত হইবে। শিক্ষক প্রতিনিধিদের সমন্বয়ে একটি কার্যনির্বাহী কমিটিও থাকিবে। ইহা ছাড়া প্রধান শিক্ষক এবং অপর একজন

( ৮ম পৃঃ ৭-এর কঃ দ্রঃ )

## প্রধানমন্ত্রীর পুনরায় আবেদন

( ১ম পৃঃ পর )

শিক্ষকের সমন্বয়ে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ের জন্য একটি পরিচালনা কমিটি থাকিবে।

শাহ আজিজ বলেন, নূতন আইন অনুযায়ী প্রাথমিক শিক্ষকগণ সরকারী চাকুরিয়াদের মর্যাদা ভোগ করিবেন এবং চাকুরীর শর্ত তাহাদের স্বার্থের পরিপন্থী হইবে না। শিক্ষকগণ বর্তমানের ন্যায় সরকারের নিকট হইতে বেতন ভাতা গ্রাচুইটি ও পেনসন লাভ করিবেন।

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল ঢাকায় আনোয়ারা বেগম গার্লস হাইস্কুলের বার্ষিক ক্রীড়া অনুষ্ঠানে বক্তৃতা দান প্রসঙ্গে প্রাথমিক শিক্ষকদের হুঁশিয়ার করিয়া দিয়া বলেন ১৮ই ফেব্রুয়ারীর মধ্যে তাহারা কাজে যোগ না দিলে স্থানীয় জনসাধারণের সহায়তায় তালা ভাঙ্গিয়া স্কুল খোলা হইবে।